**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন নিউ ইয়র্ক স্টেটের মোবাইল ক্রীড়া বাজি কর রাজস্ব অর্ধ বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে

***10 মাসের কম সময়ে, নিউ ইয়র্ক স্টেট কর রাজস্বের রেকর্ড ভাঙ্গা অব্যাহত রেখেছে***

***কর রাজস্ব শিক্ষা, তরুণ ক্রীড়া কর্মসূচি এবং জুয়ায় আসক্তির সমস্যা প্রতিরোধ চিকিৎসা ও নিরাময় সেবায় পুনরায় বিনিয়োগ করা হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে জানুয়ারির শুরুর সময়, যখন থেকে মোবাইল ক্রীড়া বাজি নিউ ইয়র্কে উপলভ্য হয়, তখন থেকে 30 অক্টোবর পর্যন্ত স্টেট 542 মিলিয়ন মার্কিন ডলার কর সংগ্রহ করেছে যা দেশের বাকি সকল স্টেটের সংগ্রহকে অতিক্রম করেছে। এছাড়াও অতিরিক্ত 200 মিলিয়ন মার্কিন ডলার লাইসেন্সিং ফি-ও সংগ্রহ করা হয়েছে, যার ফলে মোট 740 মিলিয়ন মার্কিন ডলারে বেশি রাজস্ব সৃষ্টি হয়েছে যার অধিকাংশ শিক্ষাখাতে ব্যবহার হবে। এটি দেশের অন্য সকল স্টেটের থেকে অনেকাংশে বেশি, এমনকি তাদের থেকেও যারা বহু বছর ধরে মোবাইল ক্রীড়া বাজি গ্রহণ করছে।

"নিউ ইয়র্কে ক্রীড়া বাজি নিয়ে আসার মাধ্যমে, আমরা শুধু মিলিয়ন মিলিয়ন ক্রীড়া ভক্তদের জন্য দায়িত্বশীল বিনোদনের দুয়ার উন্মোচন করিনি, বরং আমরা স্কুল এবং সেই সাথে কমবয়সীদের ক্রীড়া সমর্থন করার জন্য উল্লেখযোগ্য রাজস্বও নিয়ে এসেছি এবং একইসাথে যাদের সাহায্য প্রয়োজন তাদের জন্য নিরাপত্তার ব্যবস্থা করে রেখেছি," **গভর্নর হোকল বলেন।** "আমি মোবাইল ক্রীড়া বাজিতে আমাদের স্টেটের শীর্ষস্থান নিশ্চিত করার জন্য যেই কাজ করা হয়েছে তা নিয়ে গর্বিত এবং আমি এই ধারা ধরে রাখতে এবং নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করবে এমন কর্মসূচির সমর্থনে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করতে আগ্রহী।"

নিউ ইয়র্ক স্টেট সেপ্টেম্বর মাসে রেকর্ড 73 মিলিয়ন মার্কিনডলার মোবাইল ক্রীড়া বাজির কর রাজস্ব অর্জন করে, যা এখন পর্যন্ত যেকোনো স্টেটের অর্জিত সর্বোচ্চ, এবং এটি জানুয়ারি মাসে নিজেদের 63 মিলিয়ন মার্কিন ডলারের রেকর্ড ভেঙ্গেছে। তুলনার জন্য, প্রতিবেদন অনুযায়ী, নিউ ইয়র্কের বাইরে সর্বোচ্চ মাসিক মোবাইল ক্রীড়া বাজির কর রাজস্ব হলো 2021 সালের নভেম্বর মাসে পেনসিলভেনিয়ার অর্জিত 19 মিলিয়ন মার্কিন ডলার।

**নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশনের (New York State Gaming Commission) চেয়ারম্যান ব্রায়ান ও'ডোয়াইয়ার বলেন,** "নিউ ইয়র্ক ক্রীড়া বাজির ক্ষেত্রে দেশের শীর্ষ স্থানেই রয়েছে গভর্নর হোকলের বুদ্ধিমান গেমিং পলিসি প্রণয়নের কারণে যা নিউ ইয়র্কবাসীদেরকে বাস্তব, রূপান্তরকারী ফল প্রদান করে। ক্রীড়া বাজি থেকে সৃষ্ট রাজস্ব আমাদের স্কুল, কমবয়সীদের ক্রীড়া এবং দায়িত্বশীল গেমিং কর্মসূচিতে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিসের (New York State Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন,** "OASAS জুয়ায় আসক্তি সমস্যায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদেরকে সেবা ও সমর্থন প্রদানে তৈরি আছে। মোবাইল ক্রীড়া বাজি থেকে পাওয়া অতিরিক্ত রাজস্ব OASAS-কে স্টেটব্যাপী জরুরি প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি হ্রাস এবং নিরাময় সেবা সম্প্রসারণ করতে দিবে।"

**স্টেটের সিনেটর জোসেফ পি. অ্যাডাবো জুনিয়র বলেন,** "নিউ ইয়র্ক যখন জানুয়ারি মাসে মোবাইল ক্রীড়া বাজির বাজারে প্রবেশ করে, তখন থেকে আমরা 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি কর রাজস্ব সংগ্রহ করেছি। এটি একটি দুর্দান্ত অর্জন, বিশেষ করে মাত্র নয়জন অপারেটর নিয়ে মাত্র 10-মাসের সময়কালে, এবং এই অর্থের অধিকাংশ স্টেটের শিক্ষামূলক কাজে, জুয়ায় আসক্তি কর্মসূচি এবং সেই সাথে কমবয়সীদের জন্য ক্রীড়া কর্মসূচিতে যাবে। দারুণ এই সূচনার পর, আমি নিউ ইয়র্কের বাসিন্দাদের জন্য মোবাইল ক্রীড়া বাজির সুবিধা বর্ধিত করার একটি দারুণ সম্ভাবনা দেখতে পাচ্ছি, যেহেতু ন্যাশনাল ফুটবল লীগ (National Football League, NFL) মৌসুম পুরোদমে চলছে, ন্যাশনাল হকি লীগ (National Hockey League, NHL) এবং ন্যাশনাল বাস্কেটবল অ্যাসোসিয়েশন (National Basketball Association, NBA) মৌসুম এবং বর্তমান ওয়ার্ল্ড সিরিজ শুরু হতে যাচ্ছে।"

**অ্যাসেম্বলি সদস্য গ্যারি প্রেটলো বলেন,** "আমি অত্যন্ত আনন্দিত নিউ ইয়র্কে মোবাইল ক্রীড়া বাজির সাফল্য দেখে কিন্তু আমি অবাক হইনি! যখন সিনেটর অ্যাডাবো এবং আমি নিউ ইয়র্কে মোবাইল ক্রীড়া বাজি বৈধ করার বিলটি প্রস্তাব করি, আমরা জানতাম যে ভক্তদের বাজি ধরার প্রবণতা রয়েছে কারণ তারা যদি পার হয়ে বাজি ধরতে নিউ জার্সিতে যেতো। নিউ ইয়র্কে আমাদের একটি বলিষ্ঠ ক্রীড়া বাজার রয়েছে এবং প্রতিটি মেজর ক্রীড়া লিগে (NFL, NBA, NHL, এবং মেজর লীগ বেজবল (Major League Baseball, MLB)) একাধিক দল রয়েছে। আমাদের সাফল্য অনিবার্য ছিলো, সেজন্য আমরা যত বেশি সম্ভব এনটিটি ও অ্যাফিলিয়েট যোগ করতে চেয়েছি। এই উপক্রমটি নিউ ইয়র্কবাসীর জন্য উভয় দিক থেকে বিজয় যেহেতু আমরা শিক্ষা ও কমবয়সীদের ক্রীড়ার জন্য মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার রাজস্ব সৃষ্টি করেছি কিন্তু দায়িত্বশীল জুয়ার কর্মসূচিকেও অগ্রাহ্য করিনি।"

ভৌগলিক অবস্থানের আবশ্যিকতা পূরণ নিশ্চিত করতে ক্রীড়া জুয়াড়িদের দ্বারা ব্যবহৃত একটি সফ্টওয়্যার ফার্ম জিওকমপ্লাই (GeoComply) অনুযায়ী, জানুয়ারি থেকে 11.3 মিলিয়নের বেশি অনন্য খেলোয়াড় অ্যাকাউন্ট গঠন করা হয়েছে, যারা প্রায় 985 মিলিয়ন লেনদেন করেছে।

8 জানুয়ারি, 2022 থেকে ক্রীড়ার বাজি খতিয়ে দেখলে, মেজর লীগ বেজবল 2.6 বিলিয়ন মার্কিন ডলার বাজি ধরেছে এবং 2.5 বিলিয়ন মার্কিন ডলার নিয়ে NBA খুব বেশি পেছনে ছিলো না।

আমেরিকার সবথেকে জনপ্রিয় ক্রীড়া ফুটবলের জন্য, NFL গ্রহণ করেছে 1.3 বিলিয়ন মার্কিন ডলার 10টি নিয়মিত মৌসুমের সপ্তাহের জন্য এবং সকল 2022 প্লেঅফের জন্য। কলেজ ফুটবল 406 মিলিয়ন মার্কিন ডলার গ্রহণ করেছে, যার মধ্যে আছে 2022 বোল খেলা এবং এখন পর্যন্ত বর্তমান নিয়মিত মৌসুমে। নিউ ইয়র্ক স্টেটে প্রো ফুটবল মোবাইল ক্রীড়া বাজির জনপ্রিয়তার উপর জোর দেওয়া একটি চূড়ান্ত পরিসংখ্যান দেখায় যে 2022 মৌসুম শুরুর পর থেকে রবিবারের গড় লেনদেনের সংখ্যা 5.7 মিলিয়ন।

30 অক্টোবর, 2022 এ শেষ হতে যাওয়া সপ্তাহজুড়ে, মোবাইল ক্রীড়া বাজির আকার হলো 13 বিলিয়ন মার্কিন ডলার যার শিক্ষার প্রতি নেট রাজস্ব 527 মিলিয়ন মার্কিন ডলার। অর্থবছর 2023 এবং এর পর থেকে মোবাইল ক্রীড়া বাজির বার্ষিক রাজস্ব বিতরণ করা হবে এভাবে: সুবিধাবঞ্চিত কমবয়সীদের ক্রীড়া কর্মসূচি অর্থায়নের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার এবং জুয়ায় আসক্তি সমস্যার শিক্ষা ও চিকিৎসার অর্থায়নে 6 মিলিয়ন মার্কিন ডলার এবং অবশিষ্ট অধিকাংশ শিক্ষা সহায়তায়।

প্রতি শুক্রবার, NYS গেমিং কমিশন তাদের সকল অপারেটরদের সাপ্তাহিক মোবাইল ক্রীড়া বাজির প্রতিবেদন প্রকাশ করে অনলাইনে এখানে।

এই কমিশনের বিধিমালা অনুযায়ী অপারেটরদের জন্য অপ্রাপ্তবয়স্কদের বাজি ধরায় অংশ নেওয়া প্রতিরোধ করা, বাজি ধরা ব্যক্তিদের জন্য ব্যয়ের সীমা নির্ধারণ করে দেওয়ার সুযোগ রাখা, এবং জুয়া খেলার ঝুঁকিসমূহ এবং জুয়া খেলার নেশার লক্ষণগুলো সম্পর্কিত তথ্য শেয়ার করা আবশ্যক করা হয়েছে। নিউ ইয়র্কবাসী যারা একটি জুয়ায় আসক্তির সমস্যায় ভুগছে বা এমন কাউকে চিনে যারা একটি জুয়ায় আসক্তির সমস্যায় ভুগছে তারা স্টেটের টোলমুক্ত গোপন হোপলাইনে ফোন করতে পারে (1-877-846-7369) নম্বরে বা HOPENY (467369) টেক্সট বার্তা প্রেরণ করতে পারে। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা আঞ্চলিক জুয়ায় আসক্তি সমস্যা সংস্থান কেন্দ্রে (Regional Problem Gambling Resource Center) যোগাযোগ করতে পারবে এখানে: https://nyproblemgamblinghelp.org/।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418